# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**13 JANUARY 2025** **7:45—7:55 PM IST**

=====================================================

১) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ডক্টর বি আর আম্বেদকারকে অপমান করেছেন বলে অভিযোগ করে বিরোধীদের সৃষ্টি করা হইহট্টগোল পরিস্থিতির জন্য সংসদের উভয় সভার কাজ-কর্ম দুপুর ২টো পর্যন্ত স্থগিত ।

২) মহাকুম্ভ - ২০২৫এ আসাম সহ উত্তর-পূর্বাঞ্চলের সাধু-সন্ত তথা ভক্তদের অংশ গ্রহণ ।

৩) এডভান্টেজ আসামের দ্বিতীয় পর্বের পরিপ্রেক্ষিতে মন্ত্রী কেশব মহন্তের মালয়েশিয়ার শিল্প ও বাণিজ্য ক্ষেত্রের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক ।

৪) প্রাক্তন আই পি এস আধিকারিক দেবরাজ উপাধ্যায়ের আসাম লোকসেবা আয়োগের নতুন অধ্যক্ষ হিসেবে শপথ গ্রহণ ।

এবং

৫) সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও আগামীকাল পৌষ সংক্রান্তি পালনের প্রস্তুতি।

---------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ডক্টর বি আর আম্বেদকরকে অপমান করেছেন বলে অভিযোগ উত্থাপন করে বিরোধী দলগুলির সৃষ্টি করা হইহট্টগুল পরিস্থিতির জন্য আজ সংসদের উভয় সভার কাজ-কর্ম দুপুর ২টো পর্যন্ত স্থগিত রাখতে হয় । আজ সকালে লোকসভার কার্যসূচি শুরু হওয়ার সঙ্গে সঙ্গে কংগ্রেস , ডি এম কে এবং বামপন্থী দলের সাংসদরা শ্রী শাহের গতকাল রাজ্যসভায় করা এ সংক্রান্ত একটি মন্তব্যের তীব্র বিরোধীতা করে নিজেদের আসন ছেড়ে ওঠে দাড়ান । সংসদীয় পরিক্রমা দপ্তরের প্রতিমন্ত্রী অর্জুন রাম মেঘয়াল এবং শাসক দলের অন্যান্য সদস্যরা বিরোধীদের এই আচরণের বিরোধীতা করেন । শ্রী মেঘয়াল কংগ্রেস দলের সদস্যরা ক্রমাগত বাবা সাহেবের অপমান করে আসছেন বলে অভিযোগ করেন । কংগ্রেস দল রাজনৈতিক বাধ্য বাধকতার জন্যই আম্বেদকারকে সম্মান প্রদর্শন করছে বলেও তিনি মন্তব্য করেন ।

এই হইহট্টগুল পরিস্থিতির মধ্যেই অধ্যক্ষ ওম বিড়লা সভার কাজ-কর্ম দুপুর ২টো পর্যন্ত স্থগিত রাখার কথা ঘোষণা করেন ।

রাজ্যসভায়ও আজ অনুরূপ পরিস্থিতির সৃষ্টি হয় । সকালে সভার কাজ-কর্ম শুরু হওয়ার সঙ্গে সঙ্গে কংগ্রেস , ডি এম কে , আর জে ডি । আম আদমী পার্টী এবং অন্যান্য দলের সাংসদরা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর মন্তব্যের বিরোধীতা করে শ্লো-গান দিতে শুরু করেন । এই পরিস্থিতির মধ্যেই রাজ্যসভার সভাপতি জগদীপ ধনখড় বলেন যে আম্বেবকার একজন অন্যতম সম্মানিত ব্যাক্তি এবং তিনি সাবার কাছে একজন আদর্শ । এর পর সংসদীয় পরিক্রমা মন্ত্রী কিরেন রিজিজু বলেন যে শ্রী শাহ আম্বেদকারের প্রতি সর্বদা সম্মান প্রদর্শন করে আসছেন । কংগ্রেস ডক্টর আম্বেদকারের জীবিতকালে তাকে অসম্মান করেছে এবং লোকসভা নির্বাচনে তাকে পরাজিত করার ষড়যন্ত্র করেছিল বলে তিনি অভিযোগ করেন ।এই পরিস্থিতির মধ্যেই সভার কার্যসূচি দুপুর ২টো পর্যন্ত স্থগিত রাখার কথা ঘোষণা করা হয় ।

এদিকে বিরোধী দলের সদস্যরা শ্রী শাহকে তার এই মন্তব্যের জন্য ক্ষমা চাইতে হবে বলে দাবী জানিয়ে সংসদের বাইরে প্রতিবাদে সামিল হন । রাজ্যসভার বিরোধী দলের নেতা শ্রী মল্লিকার্জুন খার্গে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীর মন্তব্যের বিরোধীতা করে এর তীব্র সমালোচনা করেন ।

---------------------------------------------------------------------------------------

উত্তর প্রদেশের প্রয়াগরাজে আজ থেকে শুভারম্ভ হওয়া মহাকুম্ভ মেলায় আসামের মাজুলী সহ উত্তর-পূর্বাঞ্চলের বেশ কয়েকজন পুরহিত অংশ গ্রহণ করবেন । মাজুলীর আউনিআটি , দক্ষিণপাট এবং উত্তর কমলাবারী সত্রের ভক্ত , বৈষ্ণব সহ রাজ্যের

কয়েকটি সত্রের সত্রাধিকারীরা এই মেলায় উপস্থিত থাকবেন । উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ সত্রাধিকারীদের তাদের মেলায় অংশ গ্রহণ করার আমন্ত্রণ জানানো সহ তাদের বিশেষ অতিথির সম্মান প্রদান করা হবে বলে জানানো হয়েছে । মাজুলীর সত্রাধিকারীরা এবং ভক্ত-বৈষ্ণবের দল এই মেলায় সত্রীয় সংস্কৃতি প্রদর্শন করবেন ।

উল্লেখ্য যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভারতীয় ঐতিহ্য এবং সংস্কৃতিতে বিশ্বাসী লোকেদের জন্য এই মেলার শুভারম্ভর দিনটিকে একটি বিশেষ দিন বলে অভিহিত করেছেন । তিনি বলেন যে এই মহাকুম্ভ মেলা দেশের প্রাচীন আধ্যাত্মিক ঐতিহ্যকে প্রতিফলিত করা সহ বিশ্বাস এবং সম্প্রীতির ধারবাহিতাকে বহন করে । তিনি সব পর্যটক এবং তীর্থযাত্রীদের শুভেচ্ছা জ্ঞাপন করে ভারতীয় আধ্যাত্মিক ঐতিহ্য বহণকারী এই বৃহৎ উৎসব ভক্তদের জীবনে নতুন শক্তি এবং উৎসাহ সঞ্চার করবে বলে আশা প্রকাশ করেছেন । উল্লেখ্য এবারের এই মেলায় ৪৫ কোটির অধিক ভক্ত সমাগম হওয়ার সম্ভাবনা রয়েছে ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় পর্যটন এবং সাস্কৃতিক দপ্তরের মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত বলেছেন যে মহাকুম্ভ - ২০২৫ শুধুমাত্র একটি আধ্যাত্মিক সমাবেশ নয় এটি বিশ্ব পর্যটনের একটি যুগান্তকারী সমাবেশ । আকাশবাণীর সঙ্গে এক একান্ত সাক্ষাৎকারে আজ শ্রী শেখাওয়াত এই মন্তব্য করে বলেন যে এই সমাবেশের প্রতি লক্ষ্য রেখে কেন্দ্রীয় পর্যটন বিভাগ ঘরোয়া এবং আর্ন্তজাতিক পর্যটকদের দৃষ্টি আকর্ষীত করতে বিশেষ পদক্ষেপ গ্রহণ করেছে । তিনি বলেন যে কুম্ভ মেলার তাৎপর্য সবার কাছে পৌছে দিতে মন্ত্রক এই মেলার সফল বাস্তবায়নের ওপরও গুরুত্ব আরোপ করেছে ।

---------------------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেলের পক্ষ থেকে মহাকুম্ভ-২০২৫ এ তীর্থ যাত্রীদের জন্য দুটি বিশেষ ট্রেনের ব্যবস্থা করা হয়েছে । সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে তীর্থযাত্রীদের অতিরিক্ত ভীড় সামাল দিতে এই বিশেষ যাত্রী ট্রেন কামাখ্যা-টুন্ডলা এবং নাহারলগুন-টুন্ডলার মধ্যে চলাচল করবে ।

---------------------------------------------------------------------------------------

সরকার গত ১০ বছরে সংখ্যালঘু সম্প্রদায় সহ দরিদ্র জনসাধারণের জীবন উন্নীত করেছে বলে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান মন্তব্য করেছেন । নতুন দিল্লীতে আজ সংখ্যালঘু শিক্ষা প্রতিষ্ঠানের জাতীয় কমিশনের ২০তম প্রতিষ্ঠা দিবসে অংশ গ্রহণ করে কেন্দ্রীয় মন্ত্রী বলেন যে সরকার সব-কা-সাথ , সব-কা-বিকাশ মন্ত্র নিয়ে এগিয়ে চলেছে । তিনি প্রধানমন্ত্রী আবাস যোজনা এবং প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনার মত সরকারের

গৃহিত প্রকল্পসমূহের ওপর আলোকপাত করে বলেন যে এই প্রকল্পগুলি বিশেষ করে সংখ্যালঘু সম্প্রদায়ের জীবন ধারণের মান উন্নত করেছে । শিক্ষা গ্রহণের ওপর গুরুত্ব আরোপ করে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী শ্রী প্রধান বলেন যে সংখ্যালঘু সম্প্রদায়ের সাবলীকরণের জন্য সংখ্যালঘু শিক্ষা প্রতিষ্ঠানের জাতীয় কমিশন গঠন করা হয়েছে । তিনি শিক্ষা প্রতিষ্ঠান বিশেষ করে সংখ্যালঘু সম্প্রদায়ের শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে জাতীয় শিক্ষানীতি-২০২০ সঠিকভাবে রূপায়ন করার আহ্বান জানান ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় মন্ত্রী জি কিষান রেড্ডী বলেছেন যে সরকার পরিকাঠামো উন্নয়ন , অর্থনৈতিক বিকাশ এবং কৃষি সহ সাংস্কৃতিক বিকাশ এবং সম্প্রীতির ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেছে । আজ নতুন দিল্লীতে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তিনি বলেন যে দেশের ভাষাসমূহ জাতীয় ঐক্য এবং সাংস্কৃতিক ইতিহ্যের গুরুত্বপূর্ণ ভিতস্বরূপ । ভারতের ঐতিহাসিক বৈচিত্রের বিষয়টি উল্লেখ করে শ্রী রেড্ডী বলেন যে ভারতে ১শো ২১টি বিশেষ ভাষা এবং প্রায় ১ হাজার ৬শোটি উপভাষা রয়েছে । তিনি আরো বলেন যে ভাষা শুধুমাত্র যোগাযোগের মাধ্যম নয় ভাষা হচ্ছে জ্ঞান , সংস্কৃতি এবং পরম্পরা তথা ঐতিহ্যের বাহক । মন্ত্রী বলেন যে সাবলীকরণ এবং ব্যাক্তিগত ভাব বিনিময়ের জন্য ভাষা একটি গুরুত্বপূর্ণ মাধ্যম হওয়ার ফলে সরকার ভাষা এবং উপ-ভাষার সংরক্ষণ ও সুরক্ষার জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে । ২০২০ সালের জাতীয় শিক্ষা নীতির অর্ন্তভুক্ত ৩টি ভাষার ব্যবহারের পদক্ষেপের ফলে ছাত্র-ছাত্রীদের শিক্ষা গ্রহণ সূচল করে তোলা সহ জনসাধারণকে শিক্ষা এবং নিযুক্তির ক্ষেত্রেও আঞ্চলিক ভাষার ব্যবহারে উৎসাহিত করবে বলে তিনি মন্তব্য করেন ।শ্রী রেড্ডী বলেন যে ২০২৪ সালের অক্টোবর মাসে কেন্দ্রীয় মন্ত্রীসভা বাংলা , আসমীয়া , মারাঠা , প্রাকৃত ও পালি ভাষাকে ধ্রুপদী ভাষার মর্যাদা প্রদান করেছে । তিনি আরো বলেন যে ভারতবর্ষ হচ্ছে একমাত্র দেশ যেখানে ১১টি ভাষাকে ধ্রুপদী ভাষার মর্যাদা প্রদান করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

আগামী মাসে রাজ্যে অনুষ্ঠেয় এডভান্টেজ আসাম শীর্ষক বিনিয়োগ এবং পরিকাঠামো শীর্ষ সম্মিলনের পরিপ্রেক্ষিতে আজ মন্ত্রী কেশব মহন্ত মালয়েশিয়ার শিল্প ও বাণিজ্য ক্ষেত্রের কয়েকজন প্রতিনিধির সঙ্গে পৃথক পৃথক ৪টি বৈঠকে মিলিত হন । প্রথম বৈঠকে মালয়েশিয়ার তৈল খেজুর উৎপাদন ক্ষেত্রের বিনিয়োগকারীরা এবং দ্বিতীয় বৈঠকে ওই দেশের বিভিন্ন ক্ষেত্রের বিনিয়োগকারীরা উপস্থিত ছিলেন । শ্রী মহন্ত তৃতীয় বৈঠকে মালয়েশিয়ার পর্যটন  ক্ষেত্রের প্রতিনিধি এবং চতুর্থ বৈঠকে ক্ষুদ্র ও মাঝারী উদ্যোগ সংগঠনের নেতৃবৃন্দের সঙ্গে আসামে বিনিয়োগের সম্ভাবনা সম্পর্কে আলোচনা

করেন । শ্রী মহন্ত বিনিয়োগকারীদের উৎসাহিত করার জন্য কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় আসাম সরকারের গ্রহণ করা বিভিন্ন পদক্ষেপের কাথা তাদের অবগত করেন । প্রতিনিধিরা এডভান্টেজ আসামের দ্বিতীয় পর্বে অংশ গ্রহণের জন্য আগ্রহ প্রকাশ করেন । এই ৪টি বৈঠকে রাজ্য সরকারের শিল্প ও বাণিজ্য বিভাগের সচিব ডা. লক্ষ্মন এস , মালয়েশিয়াতে ভারতীয় দূতাবাসের বাণিজ্য সচিব ডক্টর অরবিন্দ সহ অন্যান্য শীর্ষ আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------------

প্রাক্তন আই পি এস আধিকারিক দেবরাজ উপাধ্যায় আজ আসাম লোকসেবা আয়োগের নতুন অধ্যক্ষ হিসেবে শপথগ্রহণ করেন । রাজভবনে আয়োজিত এক অনুষ্ঠানে রাজ্যপাল লক্ষণপ্রসাদ আচার্য তাঁকে পদ ও গোপনীয়তার শপথবাক্য পাঠ করান । একই অনুষ্ঠানে আই এ এস আধিকারি ভাস্কর ফুকন এবং এ সি এস মৃগেশ নারায়ণ বরুয়া আসাম লোকসেবা আয়োগের সদস্য হিসেবে শপথগ্রহণ করেন । অনুষ্ঠানে আসাম লোকসেবা আয়োগের সদস্য তথা নির্বাচন বিভাগের মূখ্য সচিব অনুরাগ গোয়েল ,রাজ্যসরকারের সচিব এম এস মণিবন্নন সহ বেশ কয়েকজন শীর্ষ আধিকারিক উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলার উমরাংশু-র তিন কিলে কয়লা খনির উদ্ধার অভিযান আজও অব্যাহত রয়েছে । উদ্ধারকারী দলগুলি আজ ঘটনা স্থল থেকে নতুন করে কোন মৃতদেহ উদ্ধার করতে সর্মথ হয় নি । ডিমা হাসাও জেলা থেকে আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে বিশাখাপত্তনম থেকে আসা নৌ বাহিনীর উদ্ধারকারী দলটি তাদের উদ্ধার অভিযান শেষ করে ফিরে গেছে । বর্তমানে ১০টি-র অধিক স্থানীয় পাম্পের সহযোগীতায় খনি থেকে জল নিষ্কাশনের কাজ চলছে । উল্লেখ্য তিন কিলের কয়লা খনিতে গত সোমবার থেকে আবদ্ধ থাকা নয় জন শ্রমিকের মধ্যে এপর্যন্ত চার জনের মৃত দেহ উদ্ধার করা সম্ভব হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকায় তিন জেলায় আগামীকাল মকর সংক্রান্তি বা পৌষ সংক্রান্তি পালন উপলক্ষ্যে আজ ঘরে ঘরে  পিঠে পুলি তৈরী করা হচ্ছে । এছাড়া বিশেষ পূজো ও ধর্মীয় আচার অনুষ্ঠানেরও আয়োজন শুরু হয়েছে । এদিকে আজ সকাল থেকেই আনন্দ উৎসাহের সঙ্গে খড় দিয়ে মেরামেরির ঘর তৈরী করা পরিলক্ষিত হয়েছে । আজ রাতে এই ঘরে বিভিন্ন বয়সের ছেলে মেয়েরা সবাই মিলে মাছ মাংস সহ নানা ধরণের খাদ্য সামগ্রী খেয়ে আনন্দে মেতে উঠবে । আগামীকাল ভোরে চিরাচরিত প্রথা

অনুযায়ী স্নান করে মেরামেরীর ঘরটি জ্বালিয়ে দেওয়া হবে এবং সেই আগুনের তাপ গ্রহণ করে আজ

পো রাতে তৈরী করা পিঠে পুলি খাওয়া হবে । উল্লেখ্য এই দিনে স্নান ও দান করার মতো কাজগুলি বিশেষ তাৎপর্যপূর্ণ বলে মনে করা হয় । এছাড়া তথাকথিত বিশ্বাস অনুযায়ী পৌষ মাসে সূর্য যখন মকর রাশিতে প্রবেশ করে তখন এই উৎসব পালন করা হয় । আগামীকাল পৌষ সংক্রান্তি উপলক্ষ্যে বরাক উপত্যকার হাটে বাজারে আজ ক্রেতাদের ভীড় পরিলক্ষিত হয়েছে ।

এদিকে ভোগের উৎসব ভোগালী বিহুর  উরুকা উপলক্ষ্যে আজ সন্ধ্যায় রাজ্যের বিভিন্ন স্থানে মেজি ও ভেলাঘরের নীচে সমবেত ভোজের আয়োজন করা হয়েছে । পরম্পরাগতভাবে চলে আসা মাঘ বিহুর উরুকার দিন আজ রাজ্যবাসী একসাথে বসে খাওয়ার জন্য সকাল থেকেই প্রস্তুতি শুরু করেছে । মাছের বাজারগুলিতে আজ সকাল থেকেই বিভিন্ন স্থান থেকে মাছ ব্যাবসায়ীদের উপস্থিত হওয়া সহ ক্রেতাদের ভীড় পরিলক্ষিত হয়েছে ।

মাঘ বিহু উপলক্ষ্যে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা রাজ্যবাসীদের শুভেচ্ছা জানিয়েছেন ।

মাঘ বিহুতে রাজ্যের বিভিন্ন স্থানে আয়োজন করে আসা পরম্পরাগত পশু পাখীর লড়াই সুপ্রীম কোর্টের নির্দেশ অনুযায়ী এবার বন্ধ রয়েছে ।

উরুকার রাতে যাতে রাজ্যে মদ্যপায়ী চালকের দ্বারা কোনো ধরণের দূর্ঘটনা সংঘটিত না হয় তার জন্য পরিবহন বিভাগ আজ বিকেল থেকে বিভিন্ন স্থানে তল্লাশীর ব্যবস্থা করেছে ।

---

কাছাড় জেলার নতুন দয়াপুরের কাশীপুর বাগান ভৈরব বাবা মন্দির পরিচালনা সমিতির উদ্যোগে আগামীকাল ও আগামী ১৫ই জানুয়ারী মকর সংক্রান্তি মেলার আয়োজন করা হয়েছে । আগামীকাল সকাল ১০টায় কাশীপুর চা বাগানের ম্যানেজার বুদ্ধদেব চৌধুরী এই মেলার উদ্বোধন করবেন ।

---

কাছাড় জেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে আজ শিলচর সতীন্দ্র মোহন দেব সিভিল হাসপাতালের সম্মেলন কক্ষে বিশেষ টীকাদান অভিযান সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়েছে । জেলার অতিরিক্ত আয়ুক্ত ডক্টর খালেদা সুলতানা আহমেদের পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় জানানো হয় যে আগামী ১৭ থেকে ২৫শে জানুয়ারীর মধ্যে নিয়মিত টীকাকরন থেকে বাদ পড়া শিশুদের টীকা প্রদান করা হবে । সভায় অতিরিক্ত জেলা আয়ুক্ত ডক্টর সুলতানা আহমেদ প্রত্যন্ত এলাকার শিশু ও ইটভাটার শিশুদের টীকা

প্রদান করে টীকাকরন অভিযান একশ শতাংশ নিশ্চিত করতে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসকদের নির্দেশ দিয়েছেন । আজকের সভায় যুগ্ম স্বাস্থ্য সঞ্চালক ডক্টর শিবানন্দ রায় , অতিরিক্ত মুখ্য চিকিৎসা আধিকারীক ডক্টর এম আই বড়ভুইয়া প্রমূখ অংশগ্রহন করেন ।

---------------------------------------------------------------------------------